## সরকারিভাবে জর্ডানে গার্মেন্টস এ দক্ষ মহিলা এবং পুরুষ কর্মী নিয়োগে সরাসরি সাক্ষাৎকার।

তারিখ: ১৩.০৫.২০২৫ খ্রি.

বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০০০.১১.০০১.২২/১২৩২

বোয়েসেল-এর মাধ্যমে জর্ডানের **Jerash Garments & Fashion Mfg. Co. Ltd.** জর্ডান এর অধীনে নিম্নবর্ণিত পদে দক্ষ মহিলা এবং পুরুষ কর্মী নিয়োগ করা হবে:

| ক্র. নং | পদের নাম | পদের সংখ্যা | | মাসিক মূল বেতন | আবেদনের লিংক |
|---|---|---|---|---|---|
| | | মহিলা | পুরুষ | | |
| ০১ | মেশিন অপারেটর (Mechine Operator) | ১২০ জন | - | ১৮৩.৬১ মার্কিন ডলার | অনলাইন আবেদনের লিংক:- https://brms.boesl.gov.bd/ (অনলাইন আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০/- টাকা ও চার্জ পরিশোধ করতে হবে। |
| ০২. | Mechanic (মেকানিক) | - | ০৬ জন | ৩৬০ (জর্ডানি ডিনার) | |
| ০৩. | Line Incharge (লাইন ইনচার্জ) | - | ০২ জন | ৫৫০ (জর্ডানি ডিনার) | |
| ০৪. | Technician (টেকনিশিয়ান) | - | ০২ জন | ৫০০ (জর্ডানি ডিনার) | |

**১ নং পদের আবেদনকারীর বয়স ২০-৩৫ বছরের মধ্যে হতে হবে। ০২ থেকে ০৪ নং পদে সংশ্লিষ্ট কাজে ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা এবং আবেদনকারীর বয়স ৪০ বছরের মধ্যে থাকতে হবে।**

**চাকরির শর্তাবলি:**

(১) চাকরির চুক্তি ০৩ (তিন) বছর (নবায়নযোগ্য)।

(২) দৈনিক ০৮ (আট) ঘন্টা ডিউটি, সপ্তাহে ০৬ (ছয়) দিন এবং ১ নং পদের জন্য ওভারটাইম (কর্মদিবসে ১.২৫% এবং বন্ধের দিন ১.৫০% ওভারটাইম)

(৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং যাতায়াত ব্যবস্থা করা হবে।

(৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া (৩ বছরের চুক্তি সম্পন্ন করার পর) নিয়োগকর্তা বহন করবে।

(৫) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত বলিয়া গণ্য হবেন।

(৬) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

**বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ:**

নির্বাচিত কর্মীদের বোয়েসেল-এর সার্ভিস চার্জ, বর্হি:গমন ট্যাক্স, ১৫% ভ্যাট, বোয়েসেল-এর রেজিস্ট্রেশন ফি, স্মার্টকার্ড ফি এবং ওয়েজ আর্নার্স কল্যাণ ফি বাবদ সমুদয় খরচ জর্ডানের নিয়োগকারী প্রতিষ্ঠান বহন করবে। পিডিও প্রশিক্ষণ ফি ৩০৫ টাকা ও ফিঙ্গার প্রিন্ট ফি ২২০ টাকা নির্বাচিত কর্মীদের বহন করতে হবে।

**সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে:**

(১) ০৪ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা),

(২) মূল পাসপোর্ট, একাধিক পাসপোর্ট থাকলে অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০৫ সেট রঙিন ফটোকপি,

(৩) বর্তমানে অফিসের পরিচয়পত্র/হাজিরা কার্ড এবং কর্মস্থলের অভিজ্ঞতার সনদ,

(৪) শিক্ষাগত সনদ, ভোটার আইডি কার্ডের কপি,

উল্লিখিত কাগজপত্র সাথে নিয়ে আবেদনকৃত আগ্রহী প্রার্থীদের আগামী ১৬ মে ২০২৫ তারিখ, রোজ শুক্রবার, সকাল ০৮:০০ ঘটিকার মধ্যে সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য **বাংলাদেশ কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র,** দারুস-সালাম রোড, মিরপুর, ঢাকা-১২১৬, এ উপস্থিত থাকার অনুরোধ করা হলো। এ সংক্রান্ত কোন তথ্যের জন্য ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫ ও ০২-৫৮৩১[illegible] টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে। এছাড়াও প্রবাসবন্ধু কল সেন্টার ১৬১৩৫ তে যোগাযোগ করা যেতে পারে।

বি.দ্র.: অনলাইনে আবেদন আপনাকে ইন্টারভিউতে অংশগ্রহণের সুযোগ তৈরি করে দিবে, তবে চাকরির নিশ্চয়তা বহন করবে না। চাকরির জন্য আপনাকে অবশ্যই ট্রেড-টেস্ট/যোগ্যতা প্রমাণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

> পুরুষ কর্মীদের আবেদনের ক্ষেত্রে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে বিবেচিত হবেন (সকল পদে ১.৭ সংখ্যক আবেদন গ্রহন করা হবে। প্রয়োজনীয় সংখ্যক আবেদন জমা হলে সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে)।
>
> চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-কে কোন ফি প্রদান করতে হয় না।
> সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হয়।

মাহমুদা পলি
১৩/০৫/২৫
মাহমুদা পলি
ব্যবস্থাপক
বোয়েসেল, ঢাকা।

১৩/০৫/২০২৫
সুমন আচার্য
উপ-মহাব্যবস্থাপক
(বৈদেশিক কর্মসংস্থান)
সিনিয়র সহকারী সচিব
বোয়েসেল, ঢাকা